

স্মারক নং- ৪১.০১.৮৪৮৭.০০০.১৬.০০৩.২২- ৩২৭

তাং-০৪/০৮/২০২২খ্রিঃ।

ভাতার আবেদনের নোটিশ

এতদ্বারা সর্বসাধারণের জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমাজকল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন সমাজসেবা অধিদপ্তরের পরিচালনাধীন সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় অত্র রাঙ্গামাটি পার্বত্য জেলার সদর উপজেলা, উপজেলা সমাজসেবা কার্যালয়ে বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা, প্রতিবন্ধী ভাতা, প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি ভাতা, অনগ্রসর জনগোষ্ঠীদের বিশেষ ভাতা, হিজড়া জনগোষ্ঠীদের জন্য হিজড়া বিশেষ ভাতা পরিচালিত হয়ে আসছে। বর্তমান ২০২২-২০২৩ অর্থ বছরে অত্র সদর উপজেলার বর্ধিত কোটায় প্রতিবন্ধী ভাতার অর্থ G2P পদ্ধতিতে পরিশোধের নিমিত্তে অনলাইনে আবেদন গ্রহণ উপকারভোগী নির্বাচন ও ভাতা প্রদান বিদ্যমান প্রতিবন্ধী ভাতা বাস্তবায়ন নীতিমালা অনুযায়ী ভাতা পাওয়ার উপযুক্ত প্রতিবন্ধী ব্যক্তিদের নিকট হতে প্রতিবন্ধী পরিচয়পত্র (সুবর্ণ নাগরিক কার্ড) পরিচয় পত্রধারীদের সমাজসেবা অধিদপ্তরের ওয়েবসাইট (mis.bhata.gov.bd/onlineapplication) এই ওয়েবসাইটে অনলাইনে আগামী ১০ই আগষ্ট ২০২২ খ্রিষ্টাব্দ হইতে ১০ই সেপ্টেম্বর ২০২২ খ্রিষ্টাব্দ তারিখের মধ্যে আবেদন করার জন্য অনুরোধ করা হলো। আপনার পাশে যেই কোনো স্ব-স্ব ইউনিয়ন ডিজিটাল সেন্টার অথবা কম্পিউটার অনলাইন কাজ করেন এমন দোকান হতে ভাতার আবেদন করা যাবে।

আবেদনের শর্তাবলী :

- ১। অত্র আবেদনকারীকে অবশ্যই অত্র উপজেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
- ২। আবেদনকারীর অবশ্যই প্রতিবন্ধী সনাক্তকরণ পরিচয়পত্র (সুবর্ণ নাগরিক কার্ড) থাকতে হবে।
- ৩। আবেদনকারীর অথবা অভিভাবকের নামে রেজিস্ট্রেশনকৃত মোবাইল নম্বর বিকাশ হিসাব খোলাসহ।
- ৪। জাতীয় পরিচয়পত্র/১৮ বছরের নিচের ব্যক্তিদের ডিজিটাল জন্মনিবন্ধন।
- ৫। আবেদনের শেষ তারিখ : ১০/০৯/২০২২ খ্রিষ্টাব্দ।



(মোঃ আবদুর রশিদ)

উপজেলা সমাজসেবা অফিসার
রাঙ্গামাটি সদর।


মোবাইল নং-০১৭৪৭৮৮৮৫২৩

তাং- ০৪/০৮/২০২২ খ্রিঃ।

স্মারক নং- ৪১.০১.৮৪৮৭.০০০.১৬.০০১.২২-

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:-

- ১। উপ-পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাঙ্গামাটি সদর।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, রাঙ্গামাটি সদর।
- ৪। চেয়ারম্যান ইউনিয়ন, রাঙ্গামাটি সদর।
- ৫। জনাব ফিল্ড সুপারভাইজার/ইউনিয়ন সমাজকর্মী/কারিগরী প্রশিক্ষক অত্র কার্যালয়, রাঙ্গামাটি সদর।



উপজেলা সমাজসেবা অফিসার
রাঙ্গামাটি সদর।